

## **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৯৩

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১১১. মুস্তাহাযার প্রতি ওয়াক্ত সালাতের জন্য গোসল করা প্রসঙ্গে

باب مَنْ رَوَى أَنَّ الْمُسْتَحَاضَةَ تَغْتَسِلُ لِكُلِّ صَلَاةٍ

## আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ عَمْرِو بْنِ أَبِي الْحَجَّاجِ أَبُو مَعْمَرٍ، حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ، عَنِ الْحُسَيْنِ، عَنْ أَبِي سَلَمَةَ، قَالَ أَخْبَرَتْنِي زَيْنَبُ بِنْتُ أَبِي سَلَمَةَ، أَنَّ امْرَأَةً، كَانَتْ تُةَاقُ الدَّمَ \_ وَكَانَتْ تَحْتَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ \_ أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَمَرَهَا أَنْ تَغْتَسِلَ عِنْدَ كُلِّ صَلَاةٍ وَتُصَلِّي

\_ صحیح

## বাংলা

২৯৩। আবৃ সালামাহ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, যায়নাব বিনতু আবৃ সালামাহ আমার কাছে হাদীস বর্ণনা করেন, জনৈক মহিলার রক্তস্রাব হত। উক্ত মহিলা ছিলেন 'আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ)-এর স্ত্রী। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে প্রত্যেক সালাতের সময় গোসল করে সালাত আদায়ের নির্দেশ দিলেন। [1]

সহীহ।

وَأَخْبَرَنِي أَنَّ أُمَّ بَكْرٍ أَخْبَرَتْهُ، أَنَّ عَائِشَةَ قَالَتْ: إِنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ فِي الْمَرْأَةِ تَرَى مَا يَرِيبُهَا بَعْدَ الطُّهْرِ " إِنَّمَا هِيَ \_ أَوْ قَالَ: إِنَّمَا هُوَ \_ عِرْقٌ أَوْ قَالَ: عُرُوقٌ ".

\_ صحیح

আবূ সালামাহ (রহঃ) বলেন, উম্মু বাকর আমাকে অবহিত করেছেন, 'আয়িশাহ্ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মহিলারা পবিত্র হওয়ার পরও এমন রক্ত দেখে থাকে যা তাকে সন্দেহে ফেলে দেয় (কিন্তু তা হায়িয নয়, বরং) ওটা হচ্ছে শিরা বা শিরাসমূহ থেকে নির্গত রক্ত বিশেষ।

সহীহ।



قَالَ أَبُو دَاوُدَ : وَفِي حَدِيثِ ابْنِ عَقِيلِ الأَمْرَانِ جَمِيعًا وَقَالَ " إِنْ قَوِيتِ فَاغْتَسِلِي لِكُلّ صَلَاةٍ وَإِلَّا فَاجْمَعِي " .

\_ صحيح .

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, ইবনু 'আক্বীলের বর্ণনায় দু'টি বিষয়ই উল্লেখ রয়েছে। তিনি বলেছেনঃ (এক) তোমার পক্ষে সম্ভব হলে প্রত্যেক সালাতের জন্য গোসল করবে। (দুই) অন্যথায় দুই-দুই ওয়াক্তের সালাত একত্রে আদায় করবে।

সহীহ।

كَمَا قَالَ الْقَاسِمُ: فِي حَدِيثِهِ وَقَدْ رُوِيَ هَذَا الْقَوْلُ عَنْ سَعِيدِ بْن جُبَيْرٍ، عَنْ عَلِيّ، وَابْن عَبَّاسِ رضى الله عنهما .

\_ صحيح .

যেরূপ কাসিম তার হাদীসে বর্ণনা করেছেন। এটা বর্ণিত আছে সাঈদ ইবনু যুবাইর হতে, যা তিনি 'আলী ও ইবনু 'আব্বাস রাযিয়াল্লাহু 'আনহুমা সূত্রে বর্ণনা করেছেন।

সহীহ।

## **English**

Narrated Zaynab daughter of AbuSalamah:

AbuSalamah said: Zaynab daughter of AbuSalamah reported to me that a woman had a copious flow of blood. She was the wife of AbdurRahman ibn Awf. The Messenger of Allah (\*\*) commanded her to take a bath at the time of every prayer, and then to pray. He reported to me that Umm Bakr told him that Aisha said: The Messenger of Allah (\*\*) said about a woman who was doubtful of her menstruation after purification that it was a vein or veins.

Abu Dawud said: The two commands (of which the Prophet gave option) were as follows in the version reported by Ibn 'Aqil: He said: If you are strong enough, then take a bath for every prayer; otherwise combine the (two prayers), as al-Qasim reported in his version. This statement was also narrated by Sa'id b. Jubair from 'Ali and Ibn 'Abbas.

ফটনোট



[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ ঋতুবতী নারী পবিত্র হওয়ার পর হলদে ও মেটে রং এর স্রাব দেখলে, হাঃ ৬৪৬), যাওয়ায়িদ গ্রন্থে রয়েছেঃ এর সানাদ সহীহ এবং রিজাল নির্ভরযোগ্য। আহমাদ (৬/৭১, ১৬০, ২১৫), ইয়াহইয়াহ ইবনু আবূ কাসীর সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন